গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ফরিদপুর সদর, ফরিদপুর।
(www.food.sadar.faridpur.gov.bd)

**২৫/০৬/২০২৫খ্রি. তারিখে অনুষ্ঠিত "উপজেলা খাদ্যবান্ধব কমিটির" সভার কার্যবিবরণী:-**

সভাপতিঃ **জনাব ইসরাত জাহান**
উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।
স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।
তারিখঃ ২৫/০৬/২০২৫ খ্রি. রোজঃ বুধবার, সকালঃ ১০.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা বিবরণী পরিশিষ্ট "ক"।**

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি মহোদয়ের সদয় অনুমতিক্রমে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব উপজেলা খাদ্যবান্ধব কমিটি, ফরিদপুর সদর, ফরিদপুর খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা,২০২৪ সহ খাদ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত পরিপত্র পাঠ করে শোনান।

তিনি সভাকে জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা, পরিপত্র ও উপজেলা খাদ্যবান্ধব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ১২(বার)টি ইউনিয়নের ৪২(বিয়াল্লিশ) টি বিক্রয় কেন্দ্রের প্রতি কেন্দ্রে ০১(এক) জন করে ডিলার নিয়োগের নিমিত্ত অত্র দপ্তরের ১০/১২/২০২৪খ্রি. তারিখের ৭৭৩ নং স্মারকে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় যা দৈনিক ফরিদপুর ও দৈনিক পল্লব পত্রিকায় প্রকাশ সহ সামাজিক যোগাযোগ মাধ্যম, উপজেলা প্রশাসন ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর সদর, ফরিদপুর এর ওয়েব পোর্টালে প্রকাশ করা হয়। প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে ১) অম্বিকাপুর ইউনিয়নের ০৩ টি বিক্রয় কেন্দ্রের অনুকূলে ১৫(পনের)টি, ২) আলিয়াবাদ ইউনিয়নের ০৪ টি বিক্রয় কেন্দ্রের অনুকূলে ১২(বার)টি, ৩) ঈশান গোপালপুর ইউনিয়নের ০৩ টি বিক্রয় কেন্দ্রের অনুকূলে ১০(দশ)টি, ৪) কানাইপুর ইউনিয়নের ০৬ টি বিক্রয় কেন্দ্রের অনুকূলে ৩২(বত্রিশ)টি, ৫) কৃষ্ণনগর ইউনিয়নের ০৫ টি বিক্রয় কেন্দ্রের অনুকূলে ২৫(পচিঁশ)টি, ৬) কৈজুরী ইউনিয়নের ০৫ টি বিক্রয় কেন্দ্রের অনুকূলে ২৯(উনত্রিশ)টি, ৭) গেরদা ইউনিয়নের ০৩ টি বিক্রয় কেন্দ্রের অনুকূলে ২৬(ছাব্বিশ)টি, ৮) চরমাধবদিয়া ইউনিয়নের ০৩ টি বিক্রয় কেন্দ্রের অনুকূলে ১৫(পনের)টি, ৯) চাঁদপুর ইউনিয়নের ০২ টি বিক্রয় কেন্দ্রের অনুকূলে ০৮(আট)টি, ১০) ডিক্রিরচর ইউনিয়নের ০২ টি বিক্রয় কেন্দ্রের অনুকূলে ০৮(আট)টি, ১১) নর্থচ্যানেল ইউনিয়নের ০৩ টি বিক্রয় কেন্দ্রের অনুকূলে ০৮(আট)টি ও ১২) মাচ্চর ইউনিয়নের ০৩ টি বিক্রয় কেন্দ্রের অনুকূলে ১০(দশ)টি সর্বমোট ১৯৮(একশত আটানব্বই) টি আবেদন পাওয়া গেছে। উক্ত আবেদন সমূহের সংযুক্ত কাগজপত্র যাচাই বাছাই সহ আবেদনকারীদের ঘর সমূহ সরজমিনে যাচাই পূর্বক চেক লিস্ট প্রণয়নের নিমিত্তে অত্র দপ্তরের ০৯/০১/২০২৫খ্রি. তারিখের ২৮ নং স্মারকে ০৩(তিন) সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠন করা হয়। উপ-কমিটি কর্তৃক চেক লিস্ট প্রণয়ন পূর্বক মতামত প্রদান সহ প্রতিবেদন দাখিল করেছেন যা সভায় উপস্থাপন করা হলো।

এক্ষণে প্রাপ্ত চেক লিস্ট মোতাবেক উক্ত আবেদন সমূহ চুরান্তভাবে বাছাই পূর্বক ত্রুটিপূর্ণ আবেদন সমূহ বাতিল এবং ত্রুটিমুক্ত আবেদন সমূহ যোগ্য ঘোষণা করে লটারীর মাধ্যমে ডিলার নির্বাচন করা প্রয়োজন।

**অতঃপর সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়ঃ**

১. আবেদনকারীদের আবেদনের সংযুক্ত কাগজপত্র যাচাই বাছাই করে সরজমিনে ঘর যাচাইয়ের তথ্য সমন্বয়ে চেক লিস্ট প্রস্তুত পূর্বক ত্রুটিপূর্ণ আবেদনসমূহ বাতিল ও ত্রুটিমুক্ত আবেদন সমূহ যোগ্য হিসেবে বিবেচনা/নির্বাচন করা হলো। নিম্নে বিস্তারিত তথ্য উল্লেখ্য করা হলো:

| ক্র: নং | ইউনিয়নের নাম | বিক্রয় কেন্দ্রের নাম | প্রাপ্ত আবেদনপত্র সংখ্যা | বাতিলকৃত আবেদনপত্র সংখ্যা | যোগ্য আবেদনপত্র সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | অম্বিকাপুর | ভাই ভাই বাজার | ০৫টি | ০১ টি | ০৪ টি |
| | | মোহাম্মদপুর বাজার | ০৩টি | ০১ টি | ০২ টি |
| | | বেড়িবাঁধ হঠাৎ বাজার | ০৭টি | ০১ টি | ০৬ টি |
| ২ | আলিয়াবাদ | খুশির বাজার | ০৩টি | ০ | ০৩ টি |
| | | সাদিপুর বাজার | ০২টি | ০ | ০২ টি |
| | | গজারিয়া বাজার | ০৬টি | ০২ টি | ০৪ টি |
| | | চর গজারিয়া হাট | ০১টি | ০ | ০১ টি |
| ৩ | ঈশান গোপালপুর | পিঠাকুমড়া বাজার | ০৩টি | ০১ টি | ০২ টি |
| | | দূর্গাপুর ডাবল ব্রীজ | ০৩টি | ০২ টি | ০১ টি |
| | | গোপালপুর বাজার | ০৪টি | ০ | ০৪ টি |
| ৪ | কানাইপুর | ডাটিকানাইপুর মিলগেট | ০২টি | ০১ টি | ০১ টি |
| | | কানাইপুর বাজার | ১২টি | ০৩ টি | ০৯ টি |
| | | নলার মোড় | ০৩টি | ০ | ০৩ টি |
| | | করিমপুর আবুল হোসেন জুট মিলগেট | ০৫টি | ০১ টি | ০৪ টি |
| | | রনকাইল কাজী বাজার | ০৪টি | ০ | ০৪ টি |
| | | কুরশা চুঙ্গির মোড় | ০৬টি | ০১ টি | ০৫ টি |
| ৬ | কৈজুরী | বাহার মোড় বাজার বোর্ড অফিস সংলগ্ন | ০৭টি | ০২ টি | ০৫ টি |
| | | ঘোড়াদাহ বাজার | ০৫টি | ০৩ টি | ০২ টি |
| | | কবি জসীমউদ্দিন স্কুল এন্ড কলেজ | ০৫টি | ০২ টি | ০৩ টি |
| | | বিলনালিয়া বাজার | ০৬টি | ০১ টি | ০৫ টি |
| | | আকুন ভাটপাড়া | ০৫টি | ০ | ০৫ টি |
| ৭ | গেরদা | জোয়াইড় মোড় | ১১টি | ০ | ১১ টি |
| | | জয়নাল মোল্লার মোড় | ০৪টি | ০২ টি | ০২ টি |
| | | বাখুন্ডা বাজার | ১১টি | ০২ টি | ০৯ টি |
| ৮ | চরমাধবদিয়া | আফজাল মন্ডলের হাট | ০৪টি | ০১ টি | ০৩ টি |
| | | খলিল মন্ডলের হাট | ০৭টি | ০ | ০৭ টি |
| | | মসিনদার হাট | ০৪টি | ০২ টি | ০২ টি |
| ৯ | চাঁদপুর | বক্তেশ্বরী বাজার | ০২টি | ০১ টি | ০১ টি |
| | | চাঁদপুর বাজার | ০৬টি | ০২ টি | ০৪ টি |
| ১০ | ডিক্রিরচর | ধলার মোড় বেড়িবাঁধ | ০৪টি | ০৩ টি | ০১ টি |
| | | সি.এন্ড.বি ঘাট | ০৪টি | ০ | ০৪ টি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | কৃষ্ণনগর | সনরদী হাট | ০৪টি | ০১ টি | ০৩ টি |
| | | কাচারদিয়া বাজার | ০৮টি | ০৪ টি | ০৪ টি |
| | | মল্লিকপুর বাজার | ০৫টি | ০২ টি | ০৩ টি |
| | | ডিলরকান্দি পাকড়তলা | ০৫টি | ০৩ টি | ০২ টি |
| | | বাহাদুরপুর বাজার | ০৩টি | ০১ টি | ০২ টি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১ | নর্থচ্যানেল | মোহন মিয়ার পুরাতন হাট | ০৪টি | ০ | ০৪ টি |
| | | গোলডাঙ্গী চৌরাস্তার | ০৩টি | ০১ টি | ০২ টি |
| | | গোলজার মন্ডলের ডাঙ্গী | ০১টি | ০ | ০১ টি |
| ১২ | মাচ্চর | ধলিলপুর বাজার | ০৪টি | ০১ টি | ০৩ টি |
| | | নবরামপুর বাজার | ০১টি | ০ | ০১ টি |
| | | ধুলদী বাজার | ০৫টি | ০ | ০৫ টি |

২. সভাপতি ও সদস্য সচিব বাতিলকৃত আবেদন সমূহ বাতিলের কারণ উল্লেখ্যসহ তালিকা প্রস্তুত করে প্রকাশের ব্যবস্থা করবেন (পরিশিষ্ট-খ)।

৩. যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে আগামী ২৯/০৬/২০২৫খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার সময় লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ইসরাত জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
ফরিদপুর সদর, ফরিদপুর

স্মারক নং ১৩.০১.২৯৪৭.০০২.৫৭.০০৯.২৩.৩০৬(১০)

তারিখঃ ২৫/০৬/২০২৫ খ্রি.

**অনুলিপিঃ <u>সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।</u>**

১. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
২. জেলা প্রশাসক, ফরিদপুর।
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর।
৪. উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।
৫. উপজেলা ....................................................কর্মকর্তা, ফরিদপুর সদর, ফরিদপুর।
৬. সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, অম্বিকাপুর এল এস ডি-১, ফরিদপুর।
৭. সভাপতি, প্রেস ক্লাব, ফরিদপুর।
৮. চেয়ারম্যান(সকল)........................ ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
৯. সচিব(সকল)........................ ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
১০. জনাব..................................................................।
১১. দপ্তর নথি।

(মোহাম্মদ আক্তার হোসেন)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
ফরিদপুর সদর, ফরিদপুর।